


বুয়েটের ৫০ বছর পূর্তিতে পুনর্মিলনী

যায়যায়দিন রিপোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দুই দিনব্যাপী আলোচনামূলক মহাপুনর্মিলনী-২০১৩ এর দ্বিতীয় দিন শুক্রবার বুয়েট ক্যাম্পাস ছিল উৎসবমুখর। শুক্রবার সকালে বুয়েট মাঠে ৫০ বছর পূর্তিতে পুনর্মিলনী অনুষ্ঠান নবীন ৫০ জন শিক্ষার্থী পায়রা উড়িয়ে উদ্বোধন করেন। এ সময় ৫০টি চোল ব্যজিয়ে পরিবেশকে আনন্দময় করে তোলা হয়। পুনর্মিলনী উপলক্ষে ৫০টি প্রবন্ধ নিয়ে একটি বই প্রকাশ করা হয়েছে। নানা রকম খেলাধুলার আয়োজন, সৃষ্টিচারণ, রয়্যাল ড্র, দর্শিত হ্যাণ্ডবল প্রতিযোগিতা, পরিবার নিয়ে খাবার, গান, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা, পরিচিতি পর্বসহ নানা আয়োজন চমকে রাত পর্বত। দুইদিনের এ মহাপুনর্মিলনী অনুষ্ঠানে প্রায় আড়াইহাজার আলোচনামূলক ও তাদের পরিবারের সদস্যরা অংশগ্রহণ করেন। বুয়েটের সাবেক শিক্ষার্থী ও দেশের বিশিষ্ট প্রকৌশলীদের মিলনমেলায় বুয়েট মাঠ মুখরিত হয়ে ওঠে।

শুক্রবার অনুষ্ঠানে আয়োজিত প্রধান অর্থাভাষণে বুয়েটের



আলোচনামূলক (এবিইউটিএ) প্রেসিডেন্ট প্রফেসর ডা. জামিনুল রেজা চৌধুরীর সভাপতিত্বে উপস্থিত ছিলেন প্রধান অতিথি দেশের সিনিয়র প্রকৌশলী ১৯৪৪ সালে পিরপুর ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে স্নাতক ডিগ্রিপ্রাপ্ত মনিউর রহমান, বিশেষ অতিথি বুয়েটের সিনিয়র আলোচনামূলক ইমুনিমি আহমদ চৌধুরী।

এছাড়া উপস্থিত ছিলেন দত্ত সংসদ সদস্য ফজলুল আজিম, অভিনেতা আবুল হায়াৎ, এবিইউটিএর সহ-সভাপতি সিরাজুল মন্ডিন মামুন, সাধারণ সম্পাদক সাদিকুল ইসলাম জুইয়া প্রমুখ।

আয়োজন শুরু দিন অডিটোরিয়ামে গেজট্রেশন, উপহার বিতরণ, অব ফেলার, মেধাধীদের ক্রেস্ট বিতরণ করা হয়। এদিন বুয়েটের ১১টি বিভাগের স্নাতক পরীক্ষায় স্বর্ণপদকপ্রাপ্ত ছাত্রছাত্রী এবং আলোচনামূলক পরিবারের সন্তানদের মধ্যে যারা এনএসসি, এইচএসসি 'ও' গেডেল, 'এ' লেভেল পরীক্ষায় সর্বোচ্চ ফলাফল অর্জন করেছেন, তাদের বিশেষ সম্মাননা দেয়া হয়।